গাংনীতে ব্র্যাক পরিচালিত কার্যক্রম পরিদর্শন করলেন ইউএনও

ব্র্যাক যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচীর আওতায় শিক্ষকদের ওরিয়েন্টেশন কার্যক্রম পরিদর্শন করলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

গাংনীর ৩ টি মাধ্যমিক বিদ্যালয়ের ১৫ জন শিক্ষকের অংশগ্রহণে টিবি, ম্যালেরিয়া, এইচআইভি, এইডস, ডেঙ্গু, ডায়রিয়া ও জলবায়ু পরিবর্তন জনিত রোগের বিজ্জর রোধে করনীয় বিষয়ক ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

বেসরকারী উন্নয়ন সংস্থা ব্র্যাক কর্তৃক বাস্তবায়নাধীন টিবি কনট্রোল প্রোগ্রামের আওতায় গতকাল বৃহস্পতিবার (১২ সেপ্টেম্বর) দিনব্যাপী গাংনী উপজেলায় এ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী প্রীতম সাহা।

এসময় তিনিসকল অংশগ্রহণকারীদের বিদ্যালয় পরিচ্ছন্ন রাখা ও শিক্ষার্থীদের যক্ষ্মা, ডেঙ্গু সহ অন্যান্য রোগ বিষয়ে সচেতন করে তোলার পাশাপাশি তাদের এসাইনমেন্ট প্রদান করে বিদ্যালয়ের মনিটরিং এর মাধ্যমে কারো কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়াও শিক্ষকদের এবিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।

ওরয়েন্টেশন অনুষ্ঠানে মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মেহেদী হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ হোসেন মোবারক।

ওরিয়েন্টেশনে প্রেজেন্টেশন উপস্থাপন করেন প্রোগ্রাম অফিসার ব্রাক টিবি কন্ট্রোল প্রোগ্রাম আক্তার হোসেন। বিস্তারিত তুলে ধরেন ব্র্যাক জেলা ব্যবস্থাপক, টিবি কনট্রোল প্রেগ্রাম অচিন্ত কুমার বোস।
ওরিয়েন্টেশন সঞ্চালনা করেন মেহেরপুর জেলা ব্র্যাক সমন্বয়ক শেখ

মনিরুল হুদা।

মেহেরপুরে ভৈরব নদে ডুবে শিশুর মৃত্যু

ভৈরব নদে গোসল করতে গিয়ে পানির নিচে তলিয়ে রোকেয়া খাতুন (৮) নামের এক শিশু মারা গেছে। নিহত রোকেয়া খাতুন মেহেরপুর সদর উপজেলার বন্দর গ্রামের ছোটন আলীর মেয়ে ও স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেনীর ছাত্রী।

আজ শুক্রবার (১৩ সেপ্টম্বর) বিকেলে এই ঘটনা ঘটে।

স্থানীয়দের বরাত দিয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কনি মিয়া এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, বিকেলের দিকে রোকেয়া খাতুন বাড়ির পাশে ভৈরব নদে গোসল করতে য়ায়। গোসল করার কোনো এক সময় পানির নিচে তলিয়ে যায়। পরে লাশ ভেসে উঠলে স্থানীয়রা তার মরদেহ উদ্ধার করেন।

মুজিবনগরের বালি ও মাটি খেকো জাহাঙ্গীরের বিরুদ্ধে নানা অপকর্মের অভিযোগ

মেহেরপুরের মুজিবনগরের বালি ও মাটি খেকো জাহাঙ্গিরের বিরুদ্ধে নানা অপকর্মের অভিযোগ উঠেছে। অবৈধ বালি উত্তোলন ও বিক্রি, বিভিন্ন জায়গার মাটি জোর পূর্বক কাটা, অন্য মাটি ও বালি ব্যবসায়ীদের কাছ থেকে চাঁদা আদায়সহ ইটভাটা মালিকদের কাছে সুদের

বিনিময়ে টাকা দেয়াসহ নানা অভিযোগ তার বিরুদ্ধে। সম্প্রতি এক ফল ব্যবসায়ীর কাছে চাঁদাবাজীর অভিযোগে মামলাও হয়েছে তার বিরুদ্ধে। গত ৫ আগষ্ট শেখ হাসিনা দেশ থেকে পালিয়ে যাওয়ার পর গা ঢাকা দিয়েছে বলে এলাকায় গুঞ্জন। তবে অন্তারালে থেকে অবৈধ মাটি ও বালির ব্যবসা চালিয়ে যাচ্ছে বলে জানাগেছে।

অনুসন্ধানে জানাগেছে, সাবেক জনপ্রশাসন মন্ত্রীর সুদৃষ্টি থাকায় মুজিবনগরে অবৈধ মাটি ও বালি উত্তোলন ও বিক্রির একচ্ছত্র আদিপাত্য ছিল জাহাঙ্গিরের। মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের বাসিন্দা হলেও তার আদিপাত্য ছিল পুরো উপজেলা জুড়ে। জাহাঙ্গীরের অনুসারিদের নিয়ে সে গড়ে তোলে সিন্ডিকেট। তার আর্শিবাদ ছাড়া কেউই মাটি ও বালির ব্যবসা করতে পারিনি। পুরো উপজেলায় যেখানেই এইচবি রাস্তা নির্মান হোক না কেন, মাটি ও বালি জাহাঙ্গীরের কাছ থেকেই নিতে হবে। তা না হলে প্রতি গাড়িতে ১শ টাকা চাদা দিতে হবে, এটা ছিল জাহাঙ্গীরের আইন।

জান মোহাম্মদ নামের একজন জানান, জাহাঙ্গীর অন্য বৈধ ব্যবসাীদের সে জিম্মি করে ফেলেছে। তার অনুমতি ব্যতীত কেউই ব্যবসা করতে পারবে না বলে নির্দেশ দেই সে। এছাড়াও অনেকেই তার নির্যাতনের শিকার হয়ে পথে বসেছে।

ফিরোজ নামের একজন জানান, মুজিবনগর উপজেলার বাগোয়ান, আনন্দবাস, স্বরসতিখাল ও বিশ^নাথপুর ঘাটের মাটি ও বালি সে ক্ষমতার দাপটে তুলে বিক্রি করেছে। একই এলাকার মোসারফ নামের আরেক জন জানান, আমি ৮০০শ গাড়ি মাটি সরকারি রাস্তার ধার দিয়েছি। প্রতি গাড়িতে ১শ টাকা করে জাহাঙ্গীরকে চাদা দিতে হয়েছে।

রাস্তার এইচবি করার জন্য নির্ধারিত কিছু পিআসি ও স্থানীয় ইউপি সদস্য জানান, গোটা উপজেলায় যেখানেই এইচবি করণ আর পাকা রাস্তা নির্মান করা হোক না কেন, জাহাঙ্গীরের সাথে ইট, বালি ও মাটি নিতে হবে। তা না পিআইসি বাতিল না হয় কাজে বাধা দিতো।

শুধু তাই নয় স্থানীয় বেশ কিছু ইটভাটা মালিকও জাহাঙ্গীরের কাছে জিম্মি ছিল। প্রতি সিজনে দাম যাই হোক দুই নাম্বার ইট দিতে হবে ১১ হাজার টাকাই। এবং সেই ইট বিভিন্ন ঠিকাদার ও পিআইসির কাছে বিক্রি করে ১৪ হাজারে।

তার এসব অপকের্মর ব্যাপরে জানতে উপজেলা প্রশাসনের কাছে জানতে চাইলে অফিসিয়ালি কেউই মুখ খুলতে চাইনি। তবে কয়েকজন জানান, সাবেক

মন্ত্রীর ভয়ে জাহাঙ্গীরের অপকর্মের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া সম্ভব হয়নি।

এ ব্যাপারে জাহাঙ্গীরের সাথে যোগাযোগ করা তিনি বিএনপি ও জামায়ত নেতাদের নাম করে সাংবাদিকদের নিউজ না করতে চাপ দেন। সেই সাথে সকল অভিযোগের কথা অস্বিকার করে।

মুজিবনগরে ছাত্র আন্দোলনে শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস মন্ডলপাড়া বিএনপির আয়োজনে গত ৫ আগষ্ট বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে শহীদদের আত্মার মাগফিরাত ও বেগম খালেদা জিয়ার সুস্থ্যতা কামনায় দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল বাগোয়ান ইউনিয়ন পরিষদ চত্বরে অনুষ্ঠিত দোয়া ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন সভাপতিত্ব করেন যুবনেতা আব্দুল হামিদ মাষ্টার।

যুবনেতা এমএ হালিমের সন্চালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম,সাধারন সম্পাদক ইসলাম আলী,সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক,বিএনপি নেতা বদরউদ্দীন সহ বিএনপি অংগসংগঠনের নেতৃবৃন্দ।

আলোচনা সভা শেষে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে শহীদদের আত্মার মাগফিরাত ও বেগম খালেদা জিয়ার সুস্থ্যতা কামনায় দোয়া করা হয়।

দোয়া পরিচালনা করেন মওলানা হামিদুল ইসলাম।

“১৭ বছর আওয়ামী দানব সরকার বাংলাদেশকে কারাগারে পরিণত করেছিলো”–বাবলু

গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেছেন, ১৭ বছর আওয়ামী দানব সরকার বাংলাদেশকে একটি কারাগারে পরিণত করেছিলো। ফ্যাসিস্ট সরকার তাদের ক্ষমতা আঁকড়ে ধরে রাখতে এমন কোনো অন্যায় অত্যাচার, জুলুম নির্যাতন নয় তারা করেনি। ৫ আগষ্ট এদেশের ছাত্র-জনতা জীবন বাজি রেখে ফ্যাসিস্ট সরকারকে উৎখাত করেছে। ছাত্র-জনতার সেই স্বপ্ন বাস্তবায়নে দেশ নায়ক তারেক রহমানের নেতৃত্বে আগামীর বাংলাদেশ হবে সুখি সমৃদ্ধ উন্নতমানের বাংলাদেশ।

আজ শুক্রবার বিকালে গাংনী উপজেলার হিজলবাড়িয়া হাইস্কুল মাঠে সাহারবাটি ইউনিয়ন বিএনপি আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

সাহারবাটি ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি ও ভারপ্রাপ্ত ইউপি চেয়ারম্যান আব্দুল খালেকের সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা কৃষক দলের আহবায়ক মাহবুবুর রহমান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন কাজিপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মতিউর রহমান মোল্লা, গাংনী পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা ডাকু, গাংনী পৌর যুবদলের যুগ্ম আহবায়ক মনিরুজ্জামান মনি, গাংনী পৌর জাসাসের সাধারণ সম্পাদক মোহা: সুলেরী আলভী, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হুসাইন, ঢাকা কলেজ ছাত্র দলের যুগ্ম সাধারণ সম্পাদক রাশিদুল ইসলাম রাশেদ।

সাহারবাটি ইউনিয়নের সাবেক ছাত্র নেতা ফারুক আহমেদ ও সাবেক ছাত্র নেতা এনামুল হক এনামের সঞ্চালনায় অনুষ্ঠিত জনসভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, ৫ নং ওয়ার্ড যুবদলের সভাপতি মিজানুর রহমান, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান, ৫ নং ওয়ার্ড ছাত্র দলের সভাপতি

রাকিবুল ইসলাম, পৌর কৃষকদলের নেতা আমিনুল ইসলাম, ৬ নং ওয়ার্ড যুবদলের সভাপতি মতিয়ার রহমান, ৪ নং ওয়ার্ড যুবদলের সভাপতি শিপন আলী প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে আসাদুজ্জামান বাবলু আরও বলেন, বিগত ১৭ বছরে বিএনপি ও সহযোগী সংগঠনের হাজার হাজার নেতাকর্মীকে মামলা হামলা করে দেশান্তরি করা হয়েছে। পুলিশ ও আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীকে দিয়ে মিথ্যা মামলায় আটক ও নির্যাতন করেছে। ৫ আগষ্ট এদেশের ছাত্র-জনতা রক্ত ক্ষয়ী বিপ্লবের মধ্যে দিয়ে স্বেরাচারকে বিদায় দিয়েছে। ছাত্র-জনতার সেই স্বপ্নের দেশকে বিনির্মানে দেশ নায়ক তারেক রহমান কাজ শুরু করেছেন।

তিনি আরো বলেন, আওয়ামী ফ্যাসিস্টরা দেশ থেকে পালিয়ে গিয়ে বিভিন্ন ভাবে ষড়যন্ত্র করছে। আমাদের যুদ্ধ শেষ হয়নি তাদের সেই ষড়যন্ত্রকে রুখতে সবাইকে সচেতন থাকতে হবে। একটি নির্বাচন পর্যন্ত সবাইকে সজাগ থেকে পরাজিত হাসিনার প্রেতাত্মাদের রুখতে হবে।

জনসভায় এলাকার হাজার হাজার নেতাকর্মী উপস্থিত ছিলেন।

“৫ আগষ্ট ছাত্র-জনতার বিপ্লবে নতুন বাংলাদেশ পেয়েছি”–জাভেদ মাসুদ মিল্টন

মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন বলেছেন ৫ আগষ্ট ছাত্র-জনতার রক্তক্ষয়ী বিপ্লবের মধ্যে দিয়ে আমরা নতুন বাংলাদেশ পেয়েছি। গণতন্ত্র ফেরাতে এই বিপ্লবে এদেশের বহু ছাত্র-জনতা তাদের জীবন উৎসর্গ করেছেন। ছাত্র-জনতার সেই স্বপ্ন বাস্তবায়নে বিএনপি কাজ করছে।

গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গ সহযোগী সংগঠনের আয়োজনে অনুষ্ঠিত বিরাট জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আজ শুক্রবার বিকেল সাড়ে ৫ টার দিকে গাংনী উপজেলার রাইপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই জনসভা অনুষ্ঠিত হয়।

রাইপুর ইউনিয়ন বিএনপির আহবায়ক ও সাবেক ইউপি চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালুর সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান রেজাউল হক, মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, জেলা বিএনপির ১ নং যুগ্ম সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ইনসারুল হক ইন্সু।

জেলা যুবদলের সহ-সভাপতি আব্দাল হকের সঞ্চালনায় অনুষ্ঠিত জনসভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, রাইপুর ইউনিয়ন বিএনপির যুগ্ম আহবায়ক ও সাবেক মেম্বর রবিউল ইসলাম, মেহেরপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক মালেক হোসেন চপল বিশ্বাস, সদস্য সচিব জাহিদুল ইসলাম, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক শহিদুল ইসলাম, গাংনী উপজেলা জাসাসের সভাপতি সাইফুল ইসলাম সেলিম, গাংনী পৌর জাসাসের সভাপতি সোহরাব হোসেন, গাংনী উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক আশিকুল ইসলাম, গাংনী পৌর যুবদলের আহবায়ক ও সাবেক কাউন্সিলর সাইদুল ইসলাম, সদস্য সচিব ও সাবেক কাউন্সিলর এনামুল হক, গাংনী পৌর স্বেচ্ছাসেবক দলের আহবায়ক জামাল উদ্দিন, রাইপুর ইউনিয়ন যুবদলের সভাপতি আরেফিন হোসেন, মেহেরপুর জেলা ছাত্র দলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, গাংনী উপজেলা ছাত্র দলের সদস্য সচিব রিপন হোসেন, পৌর ছাত্র দলের সদস্য সচিব শিশির আহমেদ শাকিল প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে জাভেদ মাসুদ মিল্টন আরও বলেন, বিগত ১৭ বছরে আওয়ামী ফ্যাসিস্ট সরকার সারাদেশে গুম, খুন, রাহাজানি, হামলা, মামলা, লুটপাট, দূর্ণীতি করেছে। বিএনপিসহ বিরোধী মতের সকল রাজনৈতিক দলের নেতাকর্মীদের অত্যাচার নিপীড়ন করে এক দলীয় শাসন ব্যবস্থা কায়েম করেছিলো।

তিনি বলেন, বিএনপি ও অন্যান্য দলকে নিশ্চিহ্ন করতে এমন কোনো অত্যাচার নেই তারা তা করেনি। তারপরেও শহীদ জিয়ার আদর্শের সৈনিকদের এই দেশ থেকে তাঁড়াতে পারেনি। অথচ, তারা এক মাসের লড়াই সংগ্রামেই টিকতে পারেনি। আওয়ামী লীগের মন্ত্রী এমপিরা থেকে শুরু

করে সবাই দেশ ছেড়ে পালিয়ে গেছে।

তিনি বলেন, বাংলাদেশ একটি সৌহার্দ সম্প্রীতির দেশ। এখানে সব ধর্মের মানুষ এক কাতারে বসবাস করেন। এখানে সংখ্যা লঘু বলে কিছু নেই। পরাজিত আওয়ামী অপশক্তি সংখ্যালঘু নির্যাতনের মিথ্যা ধুঁয়া তুলে ফায়দা লুটতে চাই। সেটা এদেশের মানুষ হতে দেবেনা।

১৯৭১ সাল থেকে ২০২৪ সালের ৫ আগষ্ট পর্যন্ত এদেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে যে সকল শহিদরা তাদের বুকের তাঁজা রক্ত দিয়েছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং পঙ্গুত্ব বরণকারী ও চিকিৎসাধীন সকল ভাই বোনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন তিনি।

উল্লেখ্য, দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্যেও বিএনপি ও সহযোগী সংগঠনের হাজার নেতাকর্মী ধানের শীষ,ব্যানার ফ্ল্যাকার্ডসহ খন্ড খন্ড মিছিল সহকারে এসে সমাবেশস্থল যোগ দেন।

বিএনপি, যুবদল ও বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতাকর্মী উপস্থিতিতে কানায় কানায় পরিপূর্ণ হয়ে ওঠে রাইপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠসহ আশপাশের বিল্ডিং ও রাস্তাঘাট। সমাবেশে এলাকার শতশত নারীরাও উপস্থিত ছিলেন ধানের শীষ আর প্ল্যাকার্ড নিয়ে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় স্কুল ছাত্র নিহত

মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামে সড়ক দুর্ঘটনায় স্কুল ছাত্র দুলাল হোসেনের (১৫) মৃত্যু হয়েছে। সে মুজিবনগর উপজেলার রামনগর গ্রামের মদন আলীর ছেলে।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১০ টার দিকে শালিকা থেকে মুজিবনগর যাওয়ার পথে গাছের সাথে ধাক্কা লেগে এ দুর্ঘটনা ঘটে। এ সময় বাইকে থাকা যমজ ভাই আলাল হোসেন ও বন্ধু আবু সাঈদ আহত হয়। আলাল ও দুলাল কেদারগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের দশম শ্রেণীর ছাত্র।

আবু সাঈদ জানায় , তিনজন শালিকা গ্রামের বন্ধু বিদ্যুতের বাড়িতে

দাওয়াত খেতে গিয়েছিল। সেখান থেকে ফেরার পথে আজিমুদ্দিনের ভাটার কাছে পৌঁছলে গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লাগে। সেখানে আহত অবস্থায় পড়ে থাকতে দেখে স্থানীয় ও পথচারীরা হাসপাতালে নিয়ে আসে। হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক দুলাল হোসেনকে মৃত বলে ঘোষণা করে।

ইমারজেন্সি মেডিকেল অফিসার তারেক হোসেন জানান, দুলাল হোসেনকে মৃত অবস্থায় পাওয়া গেছে। আহত বাকি দুজনকে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়েছে

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কনি মিয়া জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।

কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতিসহ দুজনের নামে চাঁদাবাজি মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলজার হোসেন ও ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বজলুর রহমানের মামলা দায়ের করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট গাংনীর আমলি আদালতে আরজান আলী বাদি হয়ে এ মামলা দায়ের করেন। বাদি আরজান আলী আসামি বজলুর রহমানের ভাই।

মামলার বিবরনে জানা গেছে, ২০১৮ সালে আসামিরা বাদীর কাছ থেকে ২লাখ টাকা চাঁদা দাবী কে। চাঁদা না দিলে রাজনৈতিক বিভিন্ন মামলায় জড়িয়ে দেবার হুমকি প্রদান করে। বাদি চাঁদার টাকা দিতে অপরাগতা প্রকাশ করলে স্থানীয় প্রশাসনের মাধ্যমে যোগসাজস করে গাংনী থানায় মামলা বাদিকে ৩১ নম্বও আসামি করে ওই সময় একটি মামলা দায়ের করেন। যার মামলা নম্বও জি আর নং ২৯০/১৮। মামলার পর পুলিশ বাদিকে

গ্রেফতার করে কারাগারে পাঠায়। ওই সময় বাদির পরিবারকে নানা হুমকি দিয়ে আসামিরা ১ লাখ ৮০ হাজার টাকা আদায় করে। পরে জামিনের নামে বাদির ছেলে বিপ্লবের কাছে থেকে আরও ২০ হাজার টাকা গ্রহণ করে আসামিরা। এখানেই শেষ নয়। মামলা নিষ্পত্তি করে দেওয়ার নাম করে পুনরায় আর এক লাখ টাকা আদায় করে আসামিরা।

বর্তমানে রাজনৈতিক প্রেক্ষাপট পরিবর্তনের কারণে সুবিচারের আশায় বাদি ঘটনার চার বছর পর এ মামলা দায়ের করেন।

গাংনীর কাথুলীতে ইউনিয়ন বিএনপির কর্মী সভা অনুষ্ঠিত

গাংনীর কাথুলীতে ইউনিয়ন বিএনপি কর্মীদের নিয়ে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেল ৪ টার সময় কাথুলী ইউনিয়নের ধলা মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের নির্দেশনায় কাথুলী ইউনিয়ন যুবদলের সভাপতি ও কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক আখতারুজ্জামান লাভলুর সঞ্চালনায় সভাপতিত্ব করেন কাথুলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা ফেরদৌস ওয়াহেদ বেল্টু।

এ সময় উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক মোশাহেদ আলী, কাথুলী ইউনিয়ন যুবদলের সাবেক সাধারন সম্পাদক রহিদুল ইসলাম মাষ্টার,কাথুলী ইউনিয়ন বিএন পির সাবেক সাধারণ সম্পাদক জাফর ইকবাল, কাথুলী ইউনিয়ন যুবদলের সাধারন সম্পাদক রবিউল ইসলাম, কাথুলী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক সালাউদ্দিন খাঁ, ২ নং ওয়ার্ড বিএনপির সভাপতি আঃ লতিব, বিএনপি নেতা সাহেব আলী সেন্টু, খোরশেদ আলম খুশি, আলমগীর হোসেন, হুদা মিয়া, আঃমালেক,বাচ্চু মিয়া, ইউপি সদস্য আজমাইন হোসেন টুটুল, কাবুল হোসেন প্রমুখ।

এ সময় সভাপতির বক্তব্যে ফেরদৌস ওয়াহেদ বেল্টু জানান দীর্ঘদিন আমাদের বিএন পি নেতাকর্মীরা সদ্য বিদায়ী সরকারের হাতে নির্যাতিত নিপিড়ীত হয়েছে। আমাদের এখন সুযোগ হয়েছে কথা বলার, আমাদের সুযোগ

হয়েছে এ দেশে নাগরিকের ভোটাধিকার ফিরিয়ে দেওয়ার, তাই আজকে আমরা ইউনিয়ন বিএন পির, যুবদলের নেতাকর্মীদের একত্রিত করেছি। বর্তমান পরিস্থিতিতে জনগনের পাশে বন্ধু হয়ে থাকার নির্দেশ দিয়ে কাজ করার আহব্বান জানিয়েছেন মেহেরপুরের জেলা বি এন পির সিনিয়র সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন তার ই ফলশ্রুতিতে একত্রিত হয়েছি। আমরা আওয়ামী সরকারের মত জনগনের কাছে থেকে আস্থা হারাতে চাই না। তাই আমরা আগামী নির্বাচনে জনগনের বন্ধু হয়ে পাশে থাকবো, তাদের একটি অবাধ সুষ্ঠু নির্বাচনের মধ্যে দিয়ে যেন সকলে ভোট দিতে পারে সে ব্যাবস্থার জন্য কাজ করবো।

তাই আমাদের এই মুহুর্তে সকলের ঐক্যবদ্ধ হওয়ার সময়, আমরা অবশ্যই কাথুলী ইউনিয়ন বিএন পির নেতা কর্মীরা একত্রিত হয়ে জনবান্ধন নেতা জাভেদ মাসুদ মিল্টনের হাতকে শক্তিশালী করবো এবং দেশ নায়েক তারেক রহমানের হাতকে শক্তিশালী করবো ইনশাআল্লাহ।

মেহেরপুরে ২ কোটি সাড়ে ৬০ লাখ টাকা মূল্যের স্বর্ণসহ আটক ২

বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)’র একটি বিশেষ টহল দল অভিযান চালিয়ে আনুমানিক ২ কেজি ৬১৮.৬৮ গ্রাম স্বর্ণ (২৫টি দ্বিখন্ডিত স্বর্ণের বার), নগদ ৫ হাজার ৮০৪ টাকাসহ দুই স্বর্ণ পাচারকারিকে আটক করেছে। এসময় তাদের কাছ থেকে দুইটি মোবাইল ফোন জব্দ করা হয়।

আটকরা হলেন, ঢাকার ধামরাই উপজেলার চৌহাট গ্রামের চকপাড়া এলাকার মৃত লাল মিয়ার ছেলে মোঃ আলাল হোসেন (৪৮) ও টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলার ভাওড়া গ্রামের বাদশা মিয়ার ছেলে মোঃ রাজিব হোসেন (২৯)।

আজ বৃহস্পতিবার (১২ সেপ্টেম্বর) ভোররাত সাড়ে ৫ টার সময় ঢাকা থেকে মেহেরপুরগামী ছেড়ে আসা “জেআর পরিবহন’’ (যার নং-১৪-৬৭৯১) তল্লাশি করে তাদের আটক করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লেঃ কর্নেল মোঃ মাহবুব

মুর্শেদ রহমান, পিএসসি বিকাল সাড়ে তিনটার সময় প্রেসবিজ্ঞপ্তিতে এই তথ্য নিশ্চিত করেন।

প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়, কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)’র অধিনায়ক লেঃ কর্নেল মোঃ মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি”র নির্দেশনায় সহকারী পরিচালক মোঃ জাকিরুল ইসলামের নেতৃত্বে ব্যাটালিয়ন সদরের বিশেষ টহল দল সুনিদির্ষ্ট তথ্যের ভিত্তিতে মেহেরপুর জেলার সদর উপজেলার মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপি গ্রামের রাস্তা থেকে জেআর পরিবহনের ওই বাসটি তল্লাশি করে স্বর্ণসহ এই স্বর্ণ পাচারকারী আটক করা হয়।
উদ্ধারকৃত স্বর্ণের আনুমানিক মুল্য ২ কোটি ৬০ লাখ ২৫ হাজার ৮০৪ টাকা।

এ ব্যাপারে মামলা দায়ের এবং উদ্ধারকৃত স্বর্ণ ট্রেজারীতে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।